ই-মেইলে প্রাপ্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

জরুরি

জনাব..... অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ/রেখাকার/সার্ভেয়ার জরুরী/আলোচনা করুন/ নথিতে দিন/ব্যবস্থা নিন।

Senior Planner, UDD, Sylhet

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.২৩.০০১.২২.২৯০

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৮
১২ মার্চ ২০২২

বিষয়: **"মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা" আয়োজন**

সূত্র: ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩০ জানুয়ারি ২০২২ তারিখের ৪৮.০০.০০০০.০০১.৯৯.০০১.২২.২৩৯ নম্বর স্মারক

খ) অত্র কার্যালয়ের ২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ০৫.৪৬.৯১০০.০১০.২৩.০৭৭.২১.৪৩ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের অংশ হিসেবে আগামি ১৭-২৩ মার্চ, ২০২২ পর্যন্ত সারা দেশের ন্যায় সিলেটে "মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা" অনুষ্ঠিত হবে। এলক্ষ্যে গত ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেটে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুবৃত্তিক্রমে মেলায় স্টল বরাদ্দসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন সরকারি ও অসরকারি দপ্তরের প্রতিনিধিগণের উপস্থিতিতে গত ০৬ মার্চ ২০২২ তারিখে আরো একটি সভা জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় মেলায় স্টল বরাদ্দসহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তথাপি "মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা"-তে প্রদর্শনযোগ্য কনটেন্টের বিষয়ে বিভিন্ন দপ্তরের জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ পরামর্শ/তথ্য প্রদান করা হল।

১. আগামি ১৭ মার্চ ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে সকাল ০৯.৩০ টায় বীর মুক্তিযোদ্ধা, স্থানীয় জনপ্রতিনিধি, জেলার বিভিন্ন সরকারি দপ্তর/সংস্থা, ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, এনজিও (দেশী/আন্তর্জাতিক) প্রতিনিধি, স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীসহ সকল শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হবে (জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট হতে চৌহাট্টা হয়ে জেলা স্টেডিয়াম, রিকাবীবাজার, সিলেট পর্যন্ত)। শোভাযাত্রা শেষে সিলেট জেলা স্টেডিয়াম প্রাঙ্গণে "মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা"-র শুভ উদ্বোধন করা হবে।

২. মেলা আয়োজনের জন্য সিলেট জেলা স্টেডিয়াম সংলগ্ন মোহাম্মদ আলী জিমনেসিয়ামের অভ্যন্তর ও বাইরের অংশে প্রয়োজনীয় সংখ্যক স্টল নির্মাণ করা হবে ও এর সাথে চেয়ার-টেবিল এবং বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে। মেলায় প্রদর্শনযোগ্য উপকরণ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও অন্যান্য সরঞ্জামাদি অংশগ্রহণকারী দপ্তরসমূহের নিজ ব্যবস্থাপনায় আনতে হবে।

৩."মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা"-য় মুক্তিযুদ্ধের ইতিহাস ও মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশের ৫০ বছরের সাফল্য ও অর্জনকে তুলে ধরতে হবে।

৪. মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক এমডিজি এবং এসডিজি অর্জনে সরকারের সাফল্য প্রচার, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ সম্পর্কে জনগণকে অবহিতকরণ, সরকারের ভবিষ্যৎ কর্ম পরিকল্পনা বাস্তবায়নে জনগণের অংশগ্রহণের বিষয়টি প্রচার, স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশ হিসেবে উত্তরণসহ বর্তমান সরকারের চলতি ও বিগত মেয়াদে অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের তথ্যভিত্তিক লিফলেট/গেজেটিয়ার প্রকাশের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। (এ বিষয়ে জেলার সংশ্লিষ্ট সকল দপ্তরের প্রধানগণ কর্তৃক স্ব স্ব দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রমের সচিত্র প্রতিবেদনের সফট কপি (generalsection304@gmail.com) ও হার্ড কপি (Nikosh ফন্টে টাইপকৃত) জেলা প্রশাসক, সিলেট বরাবর ১৫ মার্চ ২০২২ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো)।

৫. মেলায় অংশগ্রহণকারী দপ্তরসমূহ ২০০৯-২০২১ সময়কালীন অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের চিত্র গ্রাফ/চার্টের মাধ্যমে

প্রকাশ এবং মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে পারে।

৬. মেলার স্টলে প্রযোজ্যক্ষেত্রে সেবা প্রত্যাশীদেরকে তাৎক্ষণিক সেবা প্রদানের ব্যবস্থা করা যেতে পারে। বিভিন্ন দপ্তর কর্তৃক সরকারি ও নাগরিক সেবায় উদ্ভাবন ও ডিজিটালাইজেশনের প্রয়োগ ইত্যাদি প্রদর্শণ করা যেতে পারে।

৭. মেলায় প্রতিদিন জেলার বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধের চেতনা, উন্নয়ন, সিলেট জেলার সাংস্কৃতিক ঐতিহ্য এবং বর্তমান সরকারের সাফল্যকে উপজীব্য করে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে।

৮. উপরিল্লিখিত বিষয়াদির অতিরিক্ত সংশ্লিষ্ট দপ্তরের ভাবনাপ্রসূত এবং মেলার ভাবধারার সাথে সঙ্গতিপূর্ণ কনটেন্ট মেলায় প্রদর্শন করা যেতে পারে।

১২-৩-২০২২
মোহাম্মদ মোবারক হোসেন
অতিরিক্ত জেলা প্রশাসক
ফোন: ০২৯৯৬৬৩২৪৬২
ইমেইল: adcgsylhet@mopa.gov.bd

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

১) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট
২) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, সিলেট সিটি কর্পোরেশন
৩) পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল
৪) পুলিশ সুপার, সিলেট
৫) সিভিল সার্জন, সিলেট
৬) নির্বাহী প্রকৌশলী ............................................ (সকল), সিলেট
৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
৮) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৯) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট
১০) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
১১) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট
১২) চেয়ারম্যান ..................................................... উপজেলা পরিষদ (সকল), সিলেট
১৩) উপজেলা নির্বাহী অফিসার................................ (সকল), সিলেট
১৪) মেয়র ..........................................., পৌরসভা (সকল), সিলেট
১৫) ..........................................................................সিলেট

১৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট

১৭) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট

১৮) পরিচালক/উপপরিচালক, ...................................... (সকল), সিলেট

১৯) সহকারী পরিচালক............................... (সকল),সিলেট

২০) পরিচালক (রুটিন দায়িত্ব), জেলা তথ্য অফিস, সিলেট

২১) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট

২২) জেলা ...................................................................... কর্মকর্তা/ অফিসার, সিলেট

২৩) সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা/মহানগর ইউনিট কমান্ড

২৪) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেসক্লাব, সিলেট জেলা প্রেসক্লাব, অনলাইস প্রেসক্লাব, ইমজা, সিলেট

২৫) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট চেম্বার অব কমার্স এন্ট ইন্ডাস্ট্রিজ লি:/মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ লি:/উইমেন্স চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ লি:

২৬) ..................................., ..............সিলেট